

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা বাতিল দাবিতে গণসংযোগ চালাবে ছাত্র ইউনিয়ন

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার
পঞ্চম শ্রেণি শেষে পাবলিক পরীক্ষা শিশুর মানসিক চাপ সৃষ্টি করে, যা শিশুর
স্বাভাবিক বিকাশকে বাধাগ্রস্ত করে। এতে পরীক্ষায় ভাল করার জন্য খেলাধুলা-
বিনোদন বাদ দিয়ে শুধু ফলাফলের জন্য পড়াওনা শিশুমনে শিক্ষার প্রতি বিরূপ
প্রভাব ফেলে। এছাড়া প্রাথমিক শিক্ষা সমাপনীর মত পাবলিক পরীক্ষাকে কেন্দ্র
করে কোর্সিং সেন্টারের রমরমা ব্যবসায় আরও বাড়ছে। ফলে কোনোভাবেই এ
পরীক্ষা গ্রহণযোগ্য নয়। তাই আজ শুক্রবার থেকে দেশব্যাপী প্রদর্শন ফাঁস রোধ ও
প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা বাতিলের দাবিতে গণসংযোগ এবং শিক্ষক,
অভিভাবক ও শিক্ষার্থীদের গণস্বাক্ষর সংগ্রহ কর্মসূচি করবে ছাত্র ইউনিয়ন।

বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত সাংবাদিক
সম্মেলনে লিখিত বক্তব্যে এ তথ্য জানান সংগঠনের সৌধারণ সম্পাদক লাকী
আক্তার। এসময় সংগঠনের কেন্দ্রীয় সভাপতি হাসান তারেক, সাংগঠনিক
সম্পাদক জিএম জিলানী ও ড. ঢাবি শাখা সভাপতি লিটন নন্দীসহ অন্যান্য নেতারা
উপস্থিত ছিলেন।